

📖 সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৮৯১

৩৬/ বর্গাচাষ (كتاب المزارعة)

পরিচ্ছেদঃ ২. ফসলের তৃতীয়াংশ বা চতুর্থাংশ দেয়ার শর্তে বর্গা দেয়া সম্পর্কে বিভিন্ন হাদীস এবং হাদীসের বর্ণনাকারীদের বর্ণনাগত পার্থক্য

ذَكَرُ الْأَحَادِيثِ الْمُخْتَلَفَةِ فِي النَّهْيِ عَنْ كِرَاءِ الْأَرْضِ بِالثُّلُثِ وَالرُّبْعِ وَاخْتِلَافِ الْأَفَاطِ النَّاقِلِينَ
لِلْخَبَرِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى قَالَ حَدَّثَنَا يَحْيَى عَنْ أَبِي جَعْفَرٍ الْخَطْمِيِّ وَاسْمُهُ عُمَيْرُ بْنُ يَزِيدَ
قَالَ أَرْسَلَنِي عَمِّي وَغُلَامًا لَهُ إِلَى سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ أَسْأَلُهُ عَنِ الْمُزَارَعَةِ فَقَالَ كَانَ ابْنُ
عُمَرَ لَا يَرَى بِهَا بَأْسًا حَتَّى بَلَغَهُ عَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ حَدِيثٌ فَلَقِيَهُ فَقَالَ رَافِعُ أَتَى النَّبِيَّ
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَنِي حَارِثَةَ فَرَأَى زَرْعًا فَقَالَ مَا أَحْسَنَ زَرْعَ ظُهَيْرٍ فَقَالُوا لَيْسَ
لِظُهَيْرٍ فَقَالَ أَلَيْسَ أَرْضُ ظُهَيْرٍ قَالُوا بَلَى وَلَكِنَّهُ أَزْرَعَهَا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ
وَسَلَّمَ خُذُوا زَرْعَكُمْ وَرُدُّوا إِلَيْهِ نَفَقَتَهُ قَالَ فَأَخَذْنَا زَرْعَنَا وَرَدَدْنَا إِلَيْهِ نَفَقَتَهُ وَرَوَاهُ طَارِقُ
بْنُ عَبْدِ الرَّحْمَنِ عَنْ سَعِيدٍ وَاخْتَلَفَ عَلَيْهِ فِيهِ

বাংলা

৩৮৯১. মুহাম্মদ ইবন মুসান্না (রহঃ) ... ইয়াহইয়া ইবন আবু জাফর খাতমী তাঁর নাম উমায়র ইবন ইয়াযীদ (রহঃ) বলেন, আমাকে আমার চাচা একটি গোলাম সঙ্গে দিয়ে সাঈদ ইবন মুসাইয়্যাব (রহঃ)-এর নিকট মুযারআ সম্বন্ধে জিজ্ঞাসা করার জন্য পাঠালে তিনি বললেন, ইবন উমর (রাঃ) এটাকে দৃষ্ণীয় মনে করতেন না। পরে তিনি রাফে ইবন খাদীজ (রাঃ)-এর হাদীস জানতে পারলে তিনি তাঁর সাথে সাক্ষাৎ করলেন। রাফে' (রাঃ) বললেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হারিসা গোত্রে আগমন করলে একটি কৃষি জমি দেখতে পেলেন। তিনি বললেন, যুহায়র-এর ক্ষেত কত সুন্দর! লোকসকল বললেনঃ ইয়া রাসূলুল্লাহ! এই জমি যুহায়র-এর নয়। তিনি জিজ্ঞাসা করলেনঃ এটা কি যুহায়র-এর জমি নয়? তারা বললেনঃ হ্যাঁ, তবে, সে তা অন্যকে চাষ করতে দিয়েছে। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা নিজের জমি নিয়ে নাও এবং তাতে যে খরচ হয়েছে, তা তাকে দিয়ে দাও। রাবী বলেনঃ আমরা জমি নিয়ে নিলাম, আর যা খরচ হয়েছিল, তা তাকে ফিরিয়ে দিলাম।

English

It was narrated that Abu Ja'far Al-Khatmi - whose name was 'Umair bin Yazid - said:

"My paternal uncle sent me with a slave of his, to Sa'eed bin Al-Musayyab to ask him about Al-Muzara'ah. He said: 'Ibn 'Umar did not see anything wrong with it, until he heard the Hadith from Rafi' bin Khadij. Then he met him, and Rafi' said: 'The Prophet came to Banu Harithah and saw some crops. He said: 'How good are the crops of Zubair.' They said: 'It is not Zubair's.' He said: 'Is the land not Zubair's?' They said: 'No (it is not his), rather he is leasing it.' The Messenger of Allah said: 'Take your crops and give him what he spent.' So we took our crops, and gave him what he had spent.'"

ফুটনোট

তাহকীকঃ সহীহ।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ উমায়র ইবন ইয়াযীদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=77922>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন